



প্রেস কনফারেন্স

প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় সম্মানিত সাংবাদিক এবং গণমাধ্যমকর্মীবৃন্দ, আসসালামু আলাইকুম।

অনলাইন প্ল্যাটফর্মে ডিজিটাল মেলা ২০২০ আয়োজনঃ

আগামী ২৭, ২৮ ও ২৯ জুন ২০২০ তারিখ বর্তমান করোনা সংক্রমণ পরিস্থিতিকে বিবেচনায় এনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে জেলার ডিজিটাল কার্যক্রমকে জাতীয় তথ্য বাতায়নের মাধ্যমে নাগরিকদের কাছে উপস্থাপনের লক্ষ্যে অনলাইন প্ল্যাটফর্মে ডিজিটাল মেলা ২০২০ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অনলাইন মেলার ফ্রেমওয়ার্ক

জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পোর্টালে ডিজিটাল মেলা সম্পর্কিত একটি মেন্যুবারে ক্লিক করে যেকোনো নাগরিক জেলার নামের উপর ক্লিক করে উক্ত জেলার ডিজিটাল কার্যক্রম সম্পর্কে জানতে পারবে। এর পাশাপাশি জেলার পোর্টালে (www.gazipur.gov.bd) ডিজিটাল মেলা ২০২০ নামে একটি মেন্যুবার সংযুক্ত করা হয়েছে। এর মাধ্যমে নাগরিকগণ জেলার ডিজিটাল কার্যক্রম সম্পর্কে অবহিত হতে পারবেন।

প্যাভিলিয়ন-১- মুজিব শত বর্ষ

মুজিব শত বর্ষ উদযাপনের অংশ হিসেবে এ অনলাইন প্ল্যাটফর্মে "মুজিব কর্নার" নামে একটি প্যাভিলিয়ন তৈরী করা হয়েছে।

প্যাভিলিয়ন-২- ই-সেবা

বিভিন্ন খাতে (ডিজিটাল প্রশাসন, কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ, স্বাস্থ্য, যোগাযোগ, ভূমি-ই-পার্চা, ও ই-মিউটেশন, বিআরটিএ, পোস্টাল বিভাগের সার্ভিসসমূহ, ই-পাসপোর্ট এবং অন্যান্য সেবা খাত) সরকারি সেবার ডিজিটাল পদ্ধতির বা ই-সেবার স্বচ্ছ তথ্য-উপাত্ত প্রদর্শনের ব্যবস্থা করা হবে।

প্যাভিলিয়ন-৩- ডিজিটাল সেন্টার, পোস্ট ই-সেন্টার, এজেন্ট ব্যাংকিং, রুরাল ই-কমার্স ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ

ডিজিটাল সেন্টার এবং পোস্ট ই-সেন্টারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার পুরো প্রক্রিয়াকে এ অনলাইন প্যাভিলিয়নের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে। ডিজিটাল সেন্টার এবং পোস্ট ই-সেন্টার থেকে যে সকল সেবা দেয়া হয় তার তালিকা এবং সেবামূল্যের তালিকা এ প্যাভিলিয়নের মাধ্যমে জানা যাবে। এজেন্ট ব্যাংকিং এবং ই-কমার্স সেবাকে জনগণের নিকট সহজভাবে উপস্থাপনের মাধ্যমে এ সেবা গ্রহণে উদ্বুদ্ধ করা হবে।

প্যাভিলিয়ন-৪- শিক্ষা ও কর্মসংস্থান

১) স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের উদ্ভাবনী উদ্যোগসমূহ (বিদ্যালয় কার্যক্রম অটোমেশন, অভিভাবকদের নিকট এসএমএস প্রদান, অলাইনে শিক্ষার্থীদের বেতন সংগ্রহ, শিখন-শেখানো কার্যক্রমে অনলাইন পদ্ধতির ব্যবহার ইত্যাদি) প্রদর্শনের ব্যবস্থা করা হবে।

২) যুব উন্নয়ন অধিদপ্তর, বিসিক, বিএমইটি, কারিগরী শিক্ষা অধিদপ্তর (পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ)সহ সরকারের বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠানের "দক্ষতা ও কর্মসংস্থান" বিষয়ক ইনোভেটিভ উদ্যোগসমূহ যুব সমাজসহ জনসাধারণকে জানানো হবে।

প্যাভিলিয়ন-৫- বিভিন্ন স্টার্টআপ ও তরুণ উদ্ভাবকদের উদ্যোগ প্রদর্শন

১) স্থানীয় পর্যায়ের বিভিন্ন উদ্যোগ, বিভিন্ন স্টার্টআপের বিবরণ, ছবি এবং ভিডিও প্রদর্শন করা হবে।

২) স্থানীয় শিক্ষার্থী এবং তরুণ উদ্ভাবকদের উদ্ভাবনী প্রকল্প উপস্থাপন করা হবে।

৩) স্থানীয় পর্যায়ে নাগরিক সমস্যা সমাধান নিয়ে যে কোন উদ্যোগ কিংবা প্রোটোটাইপ প্রদর্শন করা হবে।

সেমিনার

"আগামীর বাংলাদেশ প্রযুক্তি নির্ভর ডিজিটাল বাংলাদেশ" বিষয়ে একটি সেমিনার আয়োজন করা হবে। আগামী ২৯ জুন ২০২০ খ্রি. তারিখে মেলার দ্বিতীয় দিন সকাল ১১.০০টায় Zoom এ্যাপস এর মাধ্যমে অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে। জুম আইডি লিংক: <https://us02web.zoom.us/j/9194565494> (Meeting ID: 9194565494).

এস. এম. তরিকুল ইসলাম
জেলা প্রশাসক
গাজীপুর।